

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: মো: কামরুল হাসান এনডিসি বিভাগীয় কমিশনার ময়মনসিংহ
সভার তারিখ ও সময়	: ১০/০৯/২০২০ খ্রি., দুপুর ১২.০০ টায়
সভার স্থান	: Zoom Cloud Meeting App এর মাধ্যমে
সভায় উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট-“ক”

সভাপতি Zoom Cloud Meeting App এর মাধ্যমে সংযুক্ত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করেন। জেলাপ্রশাসক (সকল), পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ডিআইজি, ময়মনসিংহের প্রতিনিধি, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, প্রোগ্রাম ম্যানেজার, টিআইবি, ময়মনসিংহ-সহ অন্যান্য সদস্যগণ গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। প্রোগ্রাম ম্যানেজার, টিআইবি, ময়মনসিংহ বলেন, আইনটির বিষয়ে জনগণকে সচেতন করার জন্য টিআইবি কর্তৃক ময়মনসিংহ জেলায় বড় আকারে তথ্যমেলা করার সিদ্ধান্ত ছিল কিন্তু করোনার কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে করোনা শেষে তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর প্রচারণার জন্য একটি ডকুমেন্টারি তৈরি করা হবে বলে জানান।


সভাপতি বলেন, গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হতে জানা যায়, অধিকাংশ দপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হয়নি। বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে দপ্তরগুলোর সারা বছরের কার্যক্রমের প্রতিফলন প্রকাশ করা হয়। এতে করে সেবাপ্রার্থীগণ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকাণ্ড সম্পর্কে জানা-সহ ঐ দপ্তর হতে তাদের প্রয়োজনীয় তথ্যাদি পেতে পারে। তিনি আরো বলেন, তথ্য অধিকার আইনটি জনগণের নিকট আরো ব্যাপকভাবে প্রচার করা হলে জনগণ তার সুফল ভোগ করতে পারবে। এছাড়াও আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে ভার্চুয়াল আলোচনা সভার আয়োজনসহ সচেতন নাগরিক কমিটি কর্তৃক ৯ম ও ১০ম শ্রেণির ছাত্রছাত্রীদের অংশগ্রহণে অনলাইন তথ্য অধিকার ওরিয়েন্টেশনের আয়োজন করার আহ্বান জানান। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১. প্রত্যেক দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।
২. আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখ যাবতীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।
৩. তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।
৪. নতুন নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

৫. সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং অফিসের দর্শনীয় স্থানে প্রদর্শিতরূপে প্রচার করতে হবে।
৬. প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও যথাসময়ে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।
৭. তথ্য প্রদানে হয়রানি হ্রাস করার জন্য আইন অনুযায়ী যেসব তথ্য প্রদানযোগ্য নয় তা প্রচার করতে হবে এবং জনগণ যাতে তথ্য পেতে এসে হয়রানি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন এবং আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২০ উদ্‌যাপনে সহযোগিতা প্রদানের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. কামরুল হাসান এনডিসি)

বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ

ফোন:+৮৮-০৯১-৬১৪৪৪ (অফিস)

ফ্যাক্স:+৮৮-০৯১-৬৬৪৪০ (অফিস)

ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd



স্মারক : ০৫.৪৫.০০০০.০১১.১৮.০১৩.১৬. ৪৭৪

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭
১৪ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫., সদস্য,
তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি।
৬. অফিস কপি।



(বৃন্দা দাস) ১৪/০৯/২০২০

সহকারী কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়

ময়মনসিংহ